



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: Answer Work Sheet - 10

Class: 3



Subject: Bengali Gram(অনুচ্ছেদ)

Date: 19/08/2020

নিম্নলিখিত সূত্রগুলির সাহায্যে 'হাতি' সম্বন্ধে একটি অনুচ্ছেদ লেখ :-

সূত্র :-- হাতির আকৃতি, ---- প্রকৃতি, ---- খাদ্য, ---- মানুষের সঙ্গে এদের সম্বন্ধ ।

হাতি

হাতি হল চতুষ্পদ স্থলচর স্তন্যপায়ী প্রাণীদের মধ্যে আকারে সবচেয়ে বড়ো এবং শক্তিশালী প্রাণি । এদের চারটে পা থামের মতো মোটা । কান দুটি বেশ বড়ো । শরীরের তুলনায় মুখ, গলা, চোখ দুটি খুবই ছোট । মুখের ভেতরে ছোট ছোট দাঁত আছে । চোয়ালের দুইপাশে দুটি বড় দাঁত থাকে এগুলিকে গজদন্ত বলে । নাকের বদলে এদের একটা বড় শূড় আছে । এই শূড় দিয়ে এরা শ্বাস নেয়, জল খায় ও খাদ্য খায় । এরা বনে দল বেঁধে বাস করে, শান্ত প্রকৃতির হলেও কোন কারনে রেগে গেলে এরা অত্যন্ত ভয়ঙ্কর হয়ে ওঠে । এরা তৃণভোজী ও খুব বুদ্ধিমান প্রাণি । হাতি প্রায় ৫০-৬০ বৎসর বাঁচে । প্রাচীন কাল থেকে মানুষ হাতিকে পোষ মানিয়ে ভারি মাল তোলার কাজে, যুদ্ধের সময় এবং রাজারা শিকারে গেলে এদের ব্যবহার করতেন । এছাড়া বিভিন্ন সার্কাসেও হাতিকে উপযুক্ত শিক্ষা দিয়ে নানা রকম খেলা দেখানো হয় ।

Manashi Chaudhuri